

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৫৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. প্রথম অনুচ্ছেদ - সাত্র (সতর)

بَابُ السَّتْرِ

আরবী

وَعَن أنس قَالَ: كَانَ قِرَامٌ لِعَائِشَةَ سَتَرَتْ بِهِ جَانِبَ بَيْتِهَا فَقَالَ لَهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَمِيطِي عَنَّا قِرَامَكِ هَذَا فَإِنَّهُ لَا يَزَالُ تَصَاوِيرُهُ تَعْرِضُ لِي فِي صَلَاتِي» . رَوَاهُ البُخَارِي

বাংলা

৭৫৮-[৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'আয়িশাহ্ সিদ্দীকা (রাঃ)-এর একটি পর্দার কাপড় ছিল। সেটি দিয়ে তিনি ঘরের একদিকে ঢেকে রেখেছিলেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তোমার এ পর্দাখানি এখান থেকে সরিয়ে ফেল। কারণ এর ছবিগুলো সব সময় সালাতে আমার চোখে পড়তে থাকে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৭৪, আহমাদ ১২৫৩১, সহীহ আল জামি' ১৪০৫।

ব্যাখ্যা

ব্যাখ্য: এ হাদীস প্রমাণ করে যে, মুসল্লীকে সালাতে গোলযোগ বা বিশৃঙ্খলা বা বিদ্ন সৃষ্টিকারী যে কোন জিনিস দূর করতে হবে। হোক সেটা তার বাড়িতে আর সালাতের স্থানে। তবে এখানে এর কারণে সালাত (সালাত/নামায/নামাজ) বাতিল বা নষ্ট হওয়া প্রমাণিত হয় না। কেননা এ ঘটনার পর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ঐ সালাত পুনরায় আদায় করতে কিংবা সালাত ছেড়ে দিতে দেখা যায়িন। হয়াঁ সালাতের একাগ্রতা নষ্টকারী বা অন্তরকে ব্যাস্ত করার কারণ যখন পাওয়া যাবে তখন তা সালাতকে মাকরহ করবে।

আবার আলোচ্য এ হাদীস প্রমাণ করে যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তা অনুমোদন দিয়েছেন এবং সে



ঘরে তিনি সালাত আদায় করেছেন। এখানে উল্লেখ্য যে, যে হাদীসে তিনি পর্দা সরাতে আদেশ দিয়েছেন। সেখানে তা এ জন্য যে, সেটা সালাতরত অবস্থায় ছবি দেখা গিয়েছিল। পর্দায় ছবি থাকা মূল কারণ নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন